

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ৪, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ৪ঠা অক্টোবর ১৯৮৬

নং এস, আর, ও, ৩৮৩-এল/৮৬-১৯৫৬ সনের গড়, সূগার এন্ড সূগার প্রোডাক্টস্ (ম্যানুফ্যাকচার এন্ড মডার্নাইজেশন্স) কন্ট্রোল অর্ডার-এর ৬ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দিষ্ট করিয়া দিলেন যে ১৯৮৬ সনের ৪ঠা অক্টোবর হইতে ১৯৮৭ সনের ৩১শে মার্চ পর্যন্ত অত্র মন্ত্রণালয়ের ১৯৮৬ সনের ২রা অক্টোবর তারিখের এস, আর, ও, ৩৭৯-এল/৮৬ নং বিজ্ঞপ্তি দ্বারা ঘোষিত আখ এলাকা (জোন)-গুলিতে সূগার ফ্যাটেরী ব্যতিরেকে কোন লোক কোন প্রকার আখ মাড়াই কল ব্যবহার করিতে পারিবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল কাইউম ডাঃ  
উপ-সচিব।

(১৩০৩১)

। পরমা

## শিল্প মন্ত্রণালয়

## আদেশ

ঢাকা, ৪ঠা অক্টোবর ১৯৮৬

নং এস, আর, ও, ৩৮৪-এল/৮৬-১৯৮৬ সনের গড়, সদুগার এন্ড সদুগার প্রোডাক্টস্ (ম্যানুফ্যাকচার এন্ড মডুমেণ্টস্) কম্প্রোল অর্ডার-এর ৬ অনুচ্ছেদের অনুবিধি বলে, সরকার অত্র মন্ত্রণালয়ের ১৯৮৬ সনের ২রা অক্টোবর তারিখের এস, আর, ও, ৩৭৯-এল/৮৬ নং বিজ্ঞপ্তি দ্বারা নির্ধারিত আখ এলাকাসমূহ (জোন)-এর আওতাধীন সকল ব্যক্তিকে ১৯৮৬ সনের ৪ঠা অক্টোবর তারিখ হইতে ১৯৮৭ সনের ৩১শে মার্চ তারিখ পর্যন্ত মেয়াদের জন্য কেবলমাত্র গবাদি-পশু শক্তি-চালিত আখ মাড়াই কল ব্যবহারের জন্য উক্ত ৬ অনুচ্ছেদের অধীনে জারীকৃত ১৯৮৬ সনের ৪ঠা অক্টোবর তারিখের এস, আর, ও, ৩৮৩-এল/৮৬ নং বিজ্ঞপ্তির কার্যকরতা হইতে অব্যাহতি দান করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল কাইউম ভূঞা

উপ-সচিব।